উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভালুকা/উপজেলা কমিটি/২০২২- তারিখঃ ২৩/০১/২০২২খ্রিঃ।

## নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকঠামো বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি ঃ
১। যোগাযোগ ও রাস্তাঘাট নির্মাণ সংক্রান্ত
২। বিবিধ।

(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রোকৌশলী স্থানীয় সরকার ময়মনসিংহ।
২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ
৫। চেয়ারম্যান......................... ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

৩০/০১/২০২২ খ্রিঃ তারিখ যোগাযোগ ও ভৌত বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | আহবায়ক | |
| ২. | জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৩. | চেয়ারম্যান, ৫নং বিরুনিয়া ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান, ৮নং ডাকাতিয়া ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৫. | উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ভালুকা, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রি. সময় ঃ সকাল ১০.০০ টা

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতে উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি , ভালুকা উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা ঃ ১ উপজেলা প্রকৌশলী ( এলজিইডি) ও সদস্য সচিব , যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি, ভালুকা সভায় উল্লেখ করেন যে, ভালুকা উপজেলার হবিরবাড়ী ইউনিয়নের সিডস্টোর বাজার একটি গুরুত্বপূর্ন বাজার, এছাড়া এখানে প্রচর শিল্প-কলকারখানা গড়ে উঠেছে বাজারটিতে প্রতিদিন দূরদূরান্ত হতে অনেক ক্রেতা বিক্রেতার সমাগম হয়। বাজারটিতে ড্রেনেজ ব্যবস্থা না থাকায় বর্ষা মৌসুমে ক্রেতা সাধারণ ও বিক্রেতাগণ মারাত্মকভাবে ভোগান্তির শিকারে পতিত হন এবং তাদের ব্যবসা বানিজ্য পরিচালনা করতে অনেক অসুবিধা হয়। তাই হবিরবাড়ী ইউনিয়নের সিডস্টোর বাজারের পানি নিষ্কাশনের সুবিধার্থে বাটাজোর রোড মিতালী সিরাজের বাড়ী হতে লাউতী খাল পর্যন্ত ড্রেইন নির্মাণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্কার করা অত্যাবশ্যক। উপজেলা পরিষদের এমনকি উপজেলা প্রকৌশল অধিদপ্তরের তহবিল স্বল্পতার জন্য এই মুহুর্তে ড্রেন নির্মান ও প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্কার করা সম্ভব হচ্ছে না বিধায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সিডস্টোর বাজারের পানি নিষ্কাশনের সুবিধার্থে বাটাজোর রোড মিতালী সিরাজের বাড়ী হতে লাউতী খাল পর্যন্ত ড্রেইন নির্মাণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্কার করা করা হলে বাজার গুলোর ব্যসায়ী ও ক্রেতা বিক্রেতাগণ বিশেষভাবে উপকৃত হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ভালুকা উপজেলার হবিরবাড়ী ইউনিয়নের সিডস্টোর বাজারের পানি নিষ্কাশনের সুবিধার্থে বাটাজোর রোড মিতালী সিরাজের বাড়ী হতে লাউতী খাল পর্যন্ত ড্রেইন নির্মাণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্কার করার বিষয়টি বিশেষ বিবেচনায় নিয়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় নির্মানের জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা, ময়মমনসিংহ

স্মারক নংঃ এলজিইডি/উপ্র/ভালুকা/২০২২ তারিখ ঃ ৩০/০১/২০২১খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মমনসিংহ ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মমনসিংহ ।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মমনসিংহ ।
৪। অফিস কপি।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর
ভালুকা, ময়মনসিংহ